দৈনিক বাংলা

তারিখ ... 04 JUL 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# রাজধানীর জনসংখ্যা ৯০ লাখ

বিশেষ সংবাদদাতা ঃ বর্তমানে ঢাকা মেট্রোপলিটন এলাকার প্রাক্কলিত জনসংখ্যা প্রায় ৮৯ লক্ষ ৬৬ হাজার। পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ আবদুল মঈন খান সোমবার জাতীয় সংসদকে এই তথ্য জানান। মোঃ রেদোয়ান আহমদ এর প্রশ্নের জবাবে ঢাকা শহরের জনসংখ্যা বৃদ্ধির ১৫ বছরের খতিয়ান পেশ করেন। এতে উল্লেখ করা হয় যে ১৯৮১ সালে ঢাকা শহরের জনসংখ্যা ছিল ৩৪ লক্ষ ৪০ হাজার। ১৯৯০ সাল থেকে ১৯৯৫ সাল—এই পাঁচ বছর জনসংখ্যা বেড়েছে ২৪ লক্ষ ৮৮ হাজার। ১৯৯৩ সালে ৮০ লক্ষ, গত ৯৪ সালে ৮৫ লক্ষ ৮২ হাজারে উন্নীত

(৫-এর পৃঃ দ্রঃ)

## রাজধানীর জনসংখ্যা

(প্রথম পৃষ্ঠার পর)

হয় এ... জনসংখ্যা। জনসংখ্যা বৃদ্ধির ... বিশ্লেষণ করে মন্ত্রী বলেন, গ্রামের অর্থনীতি ভেঙ্গে পড়লে শহরে জনসংখ্যার চাপ বৃদ্ধি পায়। তবে গত কয়েক বছরে ধীরে ধীরে জনসংখ্যার এই চাপ কমে আসছে। গ্রামে অবকাঠামো তৈরীর কারণে এই চাপ কমছে। তিনি আরও বলেন, ইউএন-ডিপির তালিকাভুক্ত বিশ্বের ৪০টি মেগাসিটির মধ্যে ২৬তম স্থানে রয়েছে ঢাকা সিটি। ৫০ লক্ষের ওপর জন-সংখ্যা যে সব শহরের সেগুলোকে মেগাসিটির অন্তর্ভুক্ত করা হয়েছে।